গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং-১০.০৭.০০০০.০০০.০০১.৩৬.০১৭.২৫-৩৪২

তারিখ ২৯ শ্রাবণ ১৪৩৩
১৩ আগস্ট ২০২৬

**বিষয়ঃ ৩০টি জেলা লিগ্যাল এইড অফিসে ০২ (দুই) জন অতিরিক্ত জনবল পদায়ন প্রসঙ্গে।**

সূত্র:
১। গত ২৪/০৯/২০২৫খ্রি. তারিখের প্রজ্ঞাপন, এস.আর.ও নং-৩৮২-আইন/২০২৫, আইন ও বিচার বিভাগ।
২। গত ২০/০১/২০২৬খ্রি. তারিখের প্রজ্ঞাপন, এস.আর.ও নং-২৫-আইন/২০২৬, আইন ও বিচার বিভাগ।
৩। গত ০৭/০৭/২০২৬খ্রি. তারিখের প্রজ্ঞাপন, এস.আর.ও নং-২৭৬-আইন/২০২৬, আইন ও বিচার বিভাগ।
৪। গত ০২/০৮/২০২৬খ্রি. তারিখের প্রজ্ঞাপন, এস.আর.ও নং-২৮৮-আইন/২০২৬, আইন ও বিচার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার বর্ণিত এস.আর.ও. নং-এর মাধ্যমে আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ (২০২৬ সনের ৪৫ নং আইন)-এর ধারা ১-এর উপধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন)-এর ধারা ২১খ এবং তফসিলের ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ নম্বর ক্রমিকে বর্ণিত বিধানসমূহ ফরিদপুর, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, সাতক্ষীরা, কুষ্টিয়া, কুমিল্লা, নোয়াখালী, রাঙ্গামাটি, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, মুন্সীগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, কুড়িগ্রাম, নরসিংদী, ঝিনাইদহ, মাগুরা, লক্ষ্মীপুর, বগুড়া, ঠাকুরগাঁও, পটুয়াখালী, ভোলা, নাটোর, যশোর, শরীয়তপুর, কক্সবাজার, পঞ্চগড় ও টাঙ্গাইলসহ ৩০ (ত্রিশ)টি জেলায় মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রমের জন্য কার্যকর করা হয়েছে।

০২। উল্লিখিত জেলাসমূহে মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রম চালু হওয়ার ফলে জেলা লিগ্যাল এইড অফিসসমূহে সেবাগ্রহীতার সংখ্যা ও দাপ্তরিক কার্যক্রম উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এসব অফিসে মাত্র ২-৩ জন সহায়ক জনবল দ্বারা কার্যক্রম পরিচালিত হওয়ায় ক্রমবর্ধমান সেবাগ্রহীতার চাহিদা অনুযায়ী দ্রুত ও কার্যকর সেবা প্রদান করা কঠিন হয়ে পড়েছে। বিশেষ করে মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রমের ফলে আবেদন গ্রহণ, নোটিশ জারি, নথি ব্যবস্থাপনা, মধ্যস্থতা-সংক্রান্ত কার্যক্রম, তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন প্রস্তুতসহ বিভিন্ন ক্ষেত্রে অতিরিক্ত কাজের চাপ সৃষ্টি হয়েছে। ফলে বিদ্যমান জনবল দ্বারা এসব কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা ক্রমেই দুরূহ হয়ে পড়ছে।

০৩। আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০২৬ (২০২৬ সনের ৪৫ নং আইন)-এর ধারা ১০-এর বিধান অনুযায়ী জেলা কমিটিকে অধিদপ্তর কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালনের ক্ষমতা প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, মামলাপূর্ব মধ্যস্থতা কার্যক্রম সুষ্ঠু, দ্রুত ও কার্যকরভাবে পরিচালনা এবং সেবাগ্রহীতাদের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উল্লিখিত ৩০ (ত্রিশ)টি জেলার জেলা জজ আদালত অথবা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত হতে জরুরি ভিত্তিতে কমপক্ষে ০২ (দুই) জন সহায়ক কর্মচারী অস্থায়ীভাবে সংশ্লিষ্ট জেলা লিগ্যাল এইড অফিসে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

13.08.2026

**(মোঃ মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ফোন নং: ০২-৪১০৩২২৯১ (অ:)
dg@dbla.gov.bd

**চেয়ারম্যান**
জেলা লিগ্যাল এইড কমিটি এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ
.................।

Page16, Admin Letter

নং-১০.০৭.০০০০.০০০.০০১.৩৬.০১৭.২৫-৩৪২(১০)

তারিখ ২৯ শ্রাবণ ১৪৩৩ / ১৩ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, .................।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৪। সচিব এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। চীফ লিগ্যাল এইড অফিসার, .................।
৬। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৭। জেলা লিগ্যাল এইড অফিসার, .................।
৮। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৯। কোর্ট অফিসার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর। (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০। সংশ্লিষ্ট প্রশাসনিক ফাইল/গার্ড ফাইল।

13.8.26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৪ (অ:)
adadmin@dbla.gov.bd